

ডাক

ঘরের কপাট বন্ধ
বাইরের আলো ডাকে, আয়
এখানে ভাতের ঘ্রাণ
মিষ্টি হাওয়ায় ভেসে যায়।

ভালবাসা
যতদূর নদী
ততদূর ভালবাসা, টেউ
তারপর ধূ-ধূ-জল
শুধু নীল
অপার সাগর।

ধলভূমগড়ের পাহাড়
এখানে দাঁড়ালে
ধলভূম গড়ের পাহাড় দেখা যায়
সারিবদ্ধ পাহাড় পেরিয়ে
সূর্য ডুবে যায়
স্বর্ণালী সন্ধ্যায়।

মুরারিশঙ্কর ভট্টাচার্য

